

পঞ্চপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৬.২০০৯.(অংশ-১).৫০৬

তারিখ: ০৮/১০/২০১৭ খ্রি:

বিষয় : যশোর জেলাধীন ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের নাম এম.পি.ও.ভুক্ত করার জন্য লক্ষ লক্ষ টাকা ঘুষ গ্রহণ সংক্রান্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান।


সূত্র: ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৯৬.২০.১৭ /১১২২৫

তারিখ: ১২ সেপ্টেম্বর ২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয়েসূত্রে যশোর জেলাধীন ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দের কাম্য শিক্ষাগত যোগ্যতা এবং ভূয়া সনদপত্রের মাধ্যমে এম.পি.ও. ভুক্তির বিষয়ে আনীত অভিযোগকারী জনাব মো: শহিদুল ইসলাম (মিলন) সভাপতি জেলা আওয়ামী লীগ, যশোর তার বক্তব্যে বলেছেন যে, অভিযোগে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে শিক্ষকের নাম এম.পি.ও. ভুক্ত করার জন্য লক্ষ লক্ষ টাকা ঘুষ গ্রহণ বিষয়ক যে অভিযোগ দায়ের করা হয়েছে তা তার স্বাক্ষরিত নয় এবং সম্পূর্ণ ভূয়া। উপ-পরিচালক জনাব জাকির হোসেন এবং সহকারী পরিচালক জনাব মো: সিরাজুল ইসলাম তার পূর্ব পরিচিত এবং মুক্তিযুদ্ধের চেতনা সম্পন্ন মানুষ। তার স্বাক্ষর ব্যবহার করে তাদের বিরুদ্ধে যে অভিযোগ দায়ের করা হয়েছে তা সত্য নয়।

০২. এমতাবস্থায়, যশোর জেলাধীন ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকবৃন্দের কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা এবং ভূয়া সনদপত্রের মাধ্যমে লক্ষ লক্ষ টাকা ঘুষ গ্রহণ করে এম.পি.ও.ভুক্তির বিষয়ে আনীত অভিযোগ অভিযোগকারী অস্বীকার করেছেন বিধায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা এর উপ-পরিচালক জনাব জাকির হোসেন এবং সহকারী পরিচালক জনাব মো: সিরাজুল ইসলাম কে অভিযোগ হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো।

সংযুক্তি : তদন্ত প্রতিবেদনের অনুলিপি।


(মুসরাত জাবীন বানু)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।